

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ২৪, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ৮ ফাল্গুন ১৪১৪/২০ ফেব্রুয়ারি ২০০৮

এস, আর, ও নং ৪১-আইন/২০০৮।—যেহেতু, সরকার Protection and Conservation of Fish Act, 1950 (E.B.No. XVIII of 1950), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (5) এ প্রদত্ত ক্ষমতাবলে Protection and Conservation of Fish Rules, 1985, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এ অধিকতর সংশোধন করিবার নিমিত্ত বিগত ০২ ডিসেম্বর ২০০৭ ইং মোতাবেক ১৮ অগ্রহায়ণ ১৪১৪ বাং তারিখে প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৭১-আইন/২০০৭ এর মাধ্যমে সংশ্লিষ্ট সকলের আপত্তি বা পরামর্শ আহ্বান করিয়া প্রাক-প্রকাশ করিয়াছিল; এবং

যেহেতু ইতিমধ্যে উক্ত প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে দুইমাস অতিক্রান্ত হইয়াছে এবং সংশ্লিষ্ট কাহারো নিকট হইতে উক্ত বিষয়ে কোন প্রকার আপত্তি বা পরামর্শ পাওয়া যায় নাই;

সেহেতু উক্ত Act এর section 3 এর sub-section (5) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত Rules এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত Rules এর rule 15 এর পর নিম্নরূপ নূতন rule 16 সংযোজিত হইবে, যথা ঃ—

“16. Importation, sale, etc. of fish piranha group prohibited.—No person shall import, carry, breed, culture, sell, receive or take, market, expose and possess any species of fish of piranha group.”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ধীরেন্দ্র চন্দ্র দাস

উপ-সচিব।

এ,কে,এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(১২২৩)

মূল্য : টাকা ২.০০